<u>উপজেলা সংস্কৃতি সম্পর্কিত স্থায়ী কমিটি এর সভার কার্যবিবরণী</u>

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আমিনুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর। |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ | : | ০৬ / ০২ /২০২৫ খ্রি: |
| সময় | : | সকাল ১০.৩০ ঘটিকা। |

উপজেলা সংস্কৃতি সম্পর্কিত স্থায়ী কমিটির সভা উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, কাহারোল মহোদয়ের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানীত সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট "ক" তে দেখানো হলো। সভার শুরুতে সভাপতি মহোদয় সম্মানীত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব,মোঃরাজুল ইসলাম উপজেলা সমাজসেবা অফিসার আলোচ্য সূচি সমূহ পড়ে শোনান।

আলোচ্য বিষয়:

০২. উপজেলা সংস্কৃতি সম্পর্কিত স্থায়ী কমিটির কার্যপরিধি সম্পর্কে আলোচনা।

আলোচনা:

সদস্য সচিব ও সমাজসেবা অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদের কার্যক্রমকে শক্তিশালী ও বেগবান করার জন্য স্থায়ী কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে এবং এজন্য নিয়মিত সভা করা প্রয়োজন। তিনি আরো বলেন যে, দীর্ঘদীন যাবৎ স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয় না এবং উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়কে অবহিত করলে তিনি তাৎক্ষণিকভাবে সভার আয়োজনের ব্যবস্থা করার প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করায় সভায় তাকে ধন্যবাদ জানানো হয়। সভাপতি এবং উপজেলা নির্বাহী অফিসার, মহোদয় বলেন।

বিভিন্ন সাংস্কৃতিক কর্মকান্ড গ্রহণ করা যেতে পারে। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত:

২.১: বিভিন্ন ধরণের সাংস্কৃতিক অনুষ্ঠান ও ফুটবলসহ অন্যন্য খেলাধুলা আয়োজন করার জন্য সম্মানীত উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

২.২: উপজেলা শিল্পকলা একাডেমিকে কাযকর করার মাধ্যমে উপজেলায় সুস্থ চিত্ত বিনোদনের ব্যবস্থা গ্রহণের জন্য সম্মানীত উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০২/২০২৫

মো: আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
ও
সভাপতি
উপজেলা সমাজকল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটি ,
কাহারোল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কাহারোল, দিনাজপুর।
dss.kaharol.dinajpur.gov.bd

স্মারক নম্বর-৪১.০১.২৭৫৬,০০০,০২,০০১,১৯, ৪১ ① তারিখঃ ৫/২/২০২৫খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
০১. উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
০২. চেয়ারম্যান, ০৬ নং রামচন্দ্রপুর ইউনিয়ন পরিষদ, কাহারোল, দিনাজপুর।
০৩. চেয়ারম্যান, ০১ নং ভাবোর ইউনিয়ন পরিষদ, কাহারোল, দিনাজপুর।
০৪. অফিস নথি।

০৫.০২.২৫

(মো: রাজুল ইসলাম)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা সংস্কৃতি সম্পর্কিত স্থায়ী কমিটি
কাহারোল, দিনাজপুর।

## উপজেলা সংস্কৃতি সম্পর্কিত স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য গনের সাক্ষর

সভার স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখঃ ৮/2/25 সভার সময়ঃ সকাল ১০.৩০

| ক্র:নং | নাম | পদবী | সাক্ষর |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার কাহারোল, দিনাজপুর | সভাপতি | |
| ২ | উপজেলা প্রকৌশলী, কাহারোল, দিনাজপুর | -সদস্য | |
| ৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাহারোল, দিনাজপুর | -সদস্য | ৮/02/2025 |
| ৪ | চেয়ারম্যান, ৩নং মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, কাহারোল, দিনাজপুর | -সদস্য | |
| ৫ | উপজেলা সমাজসেবা অফিসার কাহারোল, দিনাজপুর | -সদস্য সচিব | |